

আপনার কোভিড-19 টিকা সম্পর্কিত প্রশ্নসমূহের বিশ্বাসযোগ্য উত্তরসমূহ

25 মে, 2021

কানাডায় ব্যবহারের জন্য চারটি কোভিড-19 টিকার অনুমতি প্রদান করা হয়েছে এবং সারা পৃথিবীর মিলিয়নের চেয়েও বেশী মানুষ এইসকল টিকাসমূহ গ্রহণ করেছেন। এই বুলেটিনটি টিকাসমূহ সম্পর্কে সাধারণ কিছু উদ্বেগ এবং প্রশ্নসমূহ নিয়ে আলোচনা করবে যাতে করে আপনি যখন কোভিড-19 টিকাটি গ্রহণ করেন, আপনার দেহে কী কী প্রবেশ করছে সে সম্পর্কে আপনার কাছে প্রয়োজনীয় তথ্য থাকে। **এই বুলেটিনের তথ্যটি চিকিৎসকগণ এবং গবেষকগণ দ্বারা যাচাই করা হয়েছে।**



যদি আমার এলার্জিসমূহ থাকে আমি কি টিকাটি গ্রহণ করতে পারবো?

হ্যাঁ, আপনার বিভিন্ন ধরনের খাবার, ঔষধসমূহ বা অন্যান্য পদার্থসমূহে গুরুতর এলার্জি সংক্রান্ত প্রতিক্রিয়াসমূহের ইতিহাস থাকলেও কোভিড-19 টিকাটি গ্রহণ করা আপনার জন্য নিরাপদ। যদি আপনার গুরুতর এলার্জি সংক্রান্ত প্রতিক্রিয়াসমূহের ইতিহাস থাকে, টিকা গ্রহণ করার পর আপনি যে ঠিক বোধ করছেন তা নিশ্চিত করার জন্য টিকাদান কেন্দ্রে 30 মিনিট অপেক্ষা করুন। আপনার কোনো প্রতিক্রিয়ার বিরল পরিস্থিতিতে চিকিৎসা-সম্বন্ধীয় কর্মচারীগণ আপনাকে সাহায্য করার জন্য সবসময়ই সেই স্থানে উপলভ্য রয়েছেন। আপনার কোভিড-19 টিকাটির কোনো একটি নির্দিষ্ট উপাদানে (যেমন পলিইথিলিন গ্লাইকল [পিইজি - PEG] বা পলিসরবেইট) বা কোভিড-19 টিকাটির প্রথম ডোজ থেকে গুরুতর এলার্জির প্রতিক্রিয়া হয়ে থাকলে, কিভাবে নিরাপদে টিকাটি গ্রহণ করা যাবে সে সম্পর্কে আপনার স্বাস্থ্য সেবা প্রদানকারীর সাথে আপনার কথা বলা উচিত। অনুগ্রহ করে লক্ষ্য করুন যে এইসকল নির্দিষ্ট এলার্জিসমূহ **খুবই বিরল।**



আমার চিকিৎসাগত অবস্থা থাকলে আমি কি টিকাটি গ্রহণ করতে পারবো?

যদি আপনার স্বাস্থ্যগত অবস্থা যেমন বহুমূত্র রোগ বা ডায়াবেটিস, উচ্চ রক্তচাপ, হৃদরোগ, হাঁপানী বা রক্তশূন্যতা বা অ্যানিমিয়া থাকে, আপনি নিরাপদে টিকাটি গ্রহণ করতে পারেন। এই টিকাসমূহ পরীক্ষা করা হয়েছে এবং বিভিন্ন স্বাস্থ্যগত অবস্থা সম্পন্ন ব্যক্তিগণের মধ্যে এগুলো নিরাপদ এবং কার্যকর বলে প্রমাণিত হয়েছে।

যদি আপনার কোন **নির্দিষ্ট** স্বাস্থ্যগত অবস্থা থাকে বা আপনি কোনো ঔষধ গ্রহণ করেন যা **আপনার রোগ-প্রতিরোধ ব্যবস্থাকে** (রোগ-প্রতিরোধ ক্ষমতা দমন করে এমন রোগ [ইমিউনোসাপ্রেসিভ ডিজিজ] বা রোগ-প্রতিরোধ ক্ষমতা দমনকারী ঔষধ [ইমিউনোসাপ্রেজেন্ট মেডিকেশন] যেমন কেমোথেরাপি বা উচ্চ মাত্রাসমূহের স্টেরয়েড বড়িসমূহ ইত্যাদি) দুর্বল করে বা স্বতঃঅনাক্রম্যরোগ [অটোইমিউন ডিজিজ] থাকে, টিকাটি কখন গ্রহণ করা সবচেয়ে ভালো হবে সে সম্পর্কে আপনার স্বাস্থ্য সেবা প্রদানকারীর সাথে আপনার কথা বলা উচিত।



বেশীর ভাগ মানুষ টিকা গ্রহণ না করা পর্যন্ত কি আমার অপেক্ষা করা উচিত?

না। আপনার পালা আসার সাথে সাথেই টিকাটি গ্রহণ করুন। এটি আপনাকে কোভিড-19 এর থেকে অসুস্থ হওয়া বা মৃত্যুবরণ করা থেকে সুরক্ষা প্রদান করবে। 25 মে তারিখ অনুযায়ী, সারা পৃথিবীর মানুষকে কোভিড-19 টিকাসমূহের 1 বিলিয়ন ডোজের বেশী প্রদান করা হয়েছে। অতিমারী বা প্যানডেমিকটি শেষ করার জন্য, বেশীর ভাগ মানুষেরই টিকাটি গ্রহণ করা প্রয়োজন; যত তাড়াতাড়ি সবাই টিকাটি গ্রহণ করবেন, আমাদের সমাজ বা কমিউনিটিসমূহ ততই নিরাপদ হবে।



টিকাটি কতদিন পর্যন্ত আমাকে সুরক্ষা প্রদান করে?

গবেষকগণ টিকাসমূহ সঠিক কতদিন পর্যন্ত সুরক্ষা প্রদান করবে তা এখনও নিরূপণ করার চেষ্টা করছেন। কোভিড-19 এর বিরুদ্ধে সুরক্ষা অব্যাহত রাখার জন্য ভবিষ্যতে আপনার একটি সহায়ক বা বুস্টার ডোজ গ্রহণ করার প্রয়োজন হতে পারে।

টিকার প্রকারের ওপর নির্ভর করে, কোভিড-19 টিকাসমূহ একটি বা দুটি ডোজে প্রদান করা হয়। আপনি যে টিকাটি গ্রহণ করেছেন তা যদি দুটি ডোজে প্রদান করা হয়, পরবর্তী কোন এক তারিখে আপনাকে দ্বিতীয় ডোজটি গ্রহণ করার জন্য ফেরত আসতে বলা হবে। আপনাকে টিকাটির প্রথম এবং দ্বিতীয় ডোজ অবশ্যই গ্রহণ করতে হবে যাতে কোভিড-19 এর গুরুতর অসুস্থতা বা মৃত্যু থেকে আপনি আরো সম্পূর্ণরূপে সুরক্ষিত হতে পারেন।

মনে রাখুন: এমনকি আপনি টিকা গ্রহণ করার পরেও কোভিড-19 সম্পর্কিত নিরাপত্তা সংক্রান্ত বিধিসমূহ আপনার অনুসরণ করা চালিয়ে যাওয়া উচিত যেমন মাস্ক পরিধান করা, অন্যদের থেকে আপনার দূরত্ব বজায় রাখা এবং আপনার হাত ধোয়া।

টিকাসমূহ কোভিড-19 এর থেকে অসুস্থ হওয়া থেকে আপনাকে এবং আপনার প্রিয়জনদের সুরক্ষা প্রদান করে। যত বেশী মানুষ টিকাটি গ্রহণ করবে, তত বেশী সবাই সুরক্ষিত!

আমরা আশা করি যে আপনি এই বুলেটিনটি উপকারী মনে করবেন! আমরা আপনাকে এটি ব্যাপকভাবে প্রচার, একটি অডিও বা ভিডিও ফাইলের পাণ্ডুলিপি বা স্ক্রিপ্ট হিসাবে ধারণ বা রেকর্ড করে ব্যবহার বা অন্যদের সাথে বন্টন করার জন্য এটিকে আরো ভাষায় অনুবাদ করার জন্য আমন্ত্রণ জানাই। অনুগ্রহ করে উৎসটিকে কৃতিত্ব প্রদান করার ব্যাপারে নিশ্চিত হোন: উইমেন্স কলেজ হসপিটাল, ওসিএসআই (OCASI), টিএআইবিইউ (TAIBU) কমিউনিটি হেলথ সেন্টার এবং রিফিউজি 613।

25 মে, 2021 তারিখ অনুযায়ী সঠিক

এই বুলেটিনের তথ্যটি কানাডীয় চিকিৎসকগণের দ্বারা যাচাই করা হয়েছে: মেব রশিদ, এমডি, সহযোগী অধ্যাপক, ইউনিভার্সিটি অব টরন্টো (Meb Rashid MD, Assistant Professor, University of Toronto); ভ্যানেসা রেড্‌ডিট, এমডি, প্রভাষক, ইউনিভার্সিটি অব টরন্টো (Vanessa Redditt, MD, Lecturer, University of Toronto); এবং আইজ্যাক আই. বগোচ, এমডি, সহযোগী অধ্যাপক, ইউনিভার্সিটি অব টরন্টো (Isaac I. Bogoch, MD, Associate Professor, University of Toronto)

{ REFUGEE } 613

BE IN GOOD HEALTH
TAIBU
COMMUNITY
HEALTH CENTRE

OCASI
Ontario Council of Agencies Serving Immigrants

WCH
WOMEN'S COLLEGE HOSPITAL
Healthcare | REVOLUTIONIZED

Funded by:

Financé par :

With contributions from:



Immigration, Refugees
and Citizenship Canada

Immigration, Réfugiés
et Citoyenneté Canada

pchs
Serving Diverse Communities



Occupational Health
Clinics for Ontario
Workers Inc.

